

বাণী

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)'র চতুর্থ বর্ষপূর্তিতে বিডার গভর্নিং বোর্ডের সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা-কর্মচারী, শূভানুধ্যায়ী ও সকল অংশীজনকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

জাতির পিতার জন্ম শতবার্ষিকী তথা মুজিব বর্ষে আমি শ্রদ্ধার সাথে স্মরণ করছি স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। বিনম্র শ্রদ্ধায় স্মরণ করছি জাতীয় চার নেতা ও মহান মুক্তিযুদ্ধে জীবন উৎসর্গকারী ৩০ লাখ শহীদসহ সকল মুক্তিযোদ্ধাদের।

বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রা আজ সমগ্র বিশ্বে সুবিদিত। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাহসী ও বলিষ্ঠ নেতৃত্ব ও সুদূর প্রসারী চিন্তার ফলশ্রুতিতে আর্থ-সামাজিক নানান সূচকে বাংলাদেশের অর্জন বিশ্বব্যাপী স্বীকৃতি লাভ করেছে। বিনিয়োগ বিকাশ ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য বর্তমান বিনিয়োগ বান্ধব সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

‘বিনিয়োগ বিকাশ’ মাননীয় প্রধানমন্ত্রীর অন্যতম বিশেষ উদ্যোগ। কার্যকর বিনিয়োগ বিকাশের লক্ষ্যে তদানীন্তন বিনিয়োগ বোর্ড ও প্রাইভেটাইজেশন কমিশন কে একীভূত করে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) প্রতিষ্ঠা লাভ করে এবং ১ সেপ্টেম্বর ২০১৬ আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করে।

অর্থনৈতিক অগ্রগতি অর্জনে বিশ্বমানের বিনিয়োগ বিকাশ প্রতিষ্ঠানে পরিণত হওয়ার ভিশন (Vision) ও দেশি-বিদেশি বেসরকারি বিনিয়োগ আকর্ষণ, উন্নত সেবা প্রদান, কার্যকর সমন্বয় সাধন এবং বিনিয়োগ বান্ধব পরিবেশ তৈরি করার মিশন (Mission) নিয়ে বিডা দায়িত্ব পালন করছে।

বিগত চার বছরে বিডা বেশ কিছু উল্লেখযোগ্য কার্যক্রম সম্পন্ন করেছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলোঃ শিল্প প্রকল্প নিবন্ধনের মাধ্যমে কর্মসংস্থান সুযোগ সৃষ্টি, ওয়ান স্টপ সার্ভিস কার্যক্রমের মাধ্যমে ২১টি সেবা প্রদান, ব্যবসা সহজীকরণ সূচক (EoDB)-এ উন্নীতকরণ, উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন প্রকল্প (ESDP) এর মাধ্যমে দেশব্যাপী উদ্যমী তরুণ-তরুণীদের উদ্যোক্তাতে রূপান্তর, দেশি-বিদেশি বিনিয়োগকারীদের জন্য হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে চামেলী-বিডা লাউঞ্জ স্থাপন, Bangladesh Investment Handbook: A Guide for Investors প্রকাশ, বিনিয়োগের উপর কোভিড-১৯ এর প্রভাব নিরূপনে জরিপ পরিচালনা। এছাড়া, মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে Banghabandhu Memorial Investment Summit আয়োজনে বিডা কাজ করছে।

“শেখ হাসিনার নির্দেশ, বিনিয়োগ বান্ধব বাংলাদেশ” এ মন্ত্রে দীক্ষিত হয়ে বিডা ভবিষ্যত কার্যক্রম পরিচালনায় বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। বিডা দেশি-বিদেশি বেসরকারি বিনিয়োগকারীসহ সকল অংশীজনকে সর্বোত্তম সেবা প্রদানে সর্বদা অঙ্গীকারবদ্ধ। বিডার এই অঙ্গীকার বাস্তবায়নে সকল সহকর্মী ও অংশীজনদের সহযোগিতা কামনা করছি।

মোঃ সিরাজুল ইসলাম
নির্বাহী চেয়ারম্যান
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ